

প্রাথমিক বিদ্যালয় নিয়ন্ত্রণের কোন দায়িত্ব ব্র্যাককে দেয়া হয়নি

ব্র্যাক প্রাথমিক শিক্ষার বেসরকারিকরণ কিংবা বাণিজ্যিকীকরণে বিশ্বাস করে না। স্বাধীনতা দিবার ৯টি জেলার ২০টি উপজেলায় প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের দক্ষতা সরকারের সঙ্গে যৌথভাবে ব্র্যাক যে পাইলট প্রকল্প হাতে নিয়েছে সে বিষয়ে তাদের বক্তব্য হচ্ছে, সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার ওপত্তমান উন্নয়নের লক্ষ্যে সরকার ও ব্র্যাকের যৌথ উদ্যোগে এই কর্মসূচি পরিচালিত হবে। এসব বিদ্যালয়ের কোন নিয়ন্ত্রণের দায়িত্ব সরকার ব্র্যাকের ওপর অর্পণ করেনি। বর্তমানে ব্র্যাক ১২ লাখ মরিত্র শিক্ষার্থী নিয়ে ৩৭ হাজার ৫০০ প্রাথমিক বিদ্যালয় পরিচালনা করছে। বিদ্যালয়ে যাওয়ার সুযোগবঞ্চিত এবং করে পড়া মরিত্র শিশুদের জন্য এসব বিদ্যালয় পরিচালিত হচ্ছে। ব্র্যাক পরিচালিত বিদ্যালয় থেকে এ পর্যন্ত মোট ৩৮ লাখ শিশু প্রাথমিক শিক্ষা সম্পন্ন করেছে। এদের মধ্যে পতকরা ৯০ ভাগের বেশি শিক্ষার্থী মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি হয়েছে। গত বছর উপজেলা প্রশাসন গৃহীত পঞ্চম শ্রেণীর বার্ষিক সমাপনী পরীক্ষায় ব্র্যাক স্কুলের শিক্ষার্থীদের পারসের হার ছিল পতকরা ৯৫ ভাগের বেশি। সংবাদ বিজ্ঞপ্তি।